

নথি নং-৩০.৩১.০০০০.২২১.৬৫.৪৮৬.৯৯/ ৪৬৪৭

তারিখ: ১৪-১১-২০১৯

অভিযোগনামা

বিষয়ঃ 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ' এর অভিযোগে জনাব মোঃ শাজাহান (টুটুল), অফিস সহায়ক এর বিরুদ্ধে ১৯৮৮ সনের বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালার ৩৯ (ক) ও (খ) এর আওতায় বিভাগীয় মামলা দায়ের।

যেহেতু, সদর দপ্তর, এয়ারওয়ার্ডিনেস এন্ড ইঞ্জিনিয়ারিং লাইসেনসিং শাখায় কর্মরত আপনি, জনাব মোঃ শাজাহান (টুটুল), অফিস সহায়ক গত ১৩.১০.২০১৯খ্রি: তারিখ হতে অফিসে অনুপস্থিত রয়েছেন এবং অনুপস্থিতির বিষয়ে উক্ত দপ্তরকে অবহিত করেননি মর্মে উপ-পরিচালক, এয়ারওয়ার্ডিনেস এন্ড ইঞ্জিনিয়ারিং লাইসেনসিং শাখা, সদর দপ্তর, অত্র শাখাকে পত্র মারফত অবহিত করেছেন ;

যেহেতু, আপনার বিরুদ্ধে ইতোপূর্বে বিনানুমতিতে অনুপস্থিত থাকার কারণে গত ২৬.১২.২০১৭ তারিখে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮-এর প্রবিধি ৩৯ (ক) মোতাবেক 'দায়িত্ব পালনে অবহেলা' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ২৩.০৪.২০১৮ তারিখে 'তিরষ্কার' দন্ডদেশ প্রদানপূর্বক বিভাগীয় মামলার অভিযোগ নিষ্পত্তি প্রদান করা হয় এবং একই অভিযোগে গত ২৯.১১.২০১৮ তারিখে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮-এর প্রবিধি ৩৯ (ক) মোতাবেক 'দায়িত্ব পালনে অবহেলা' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ১১.০৩.২০১৯ তারিখে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলার অভিযোগ নিষ্পত্তি প্রদান করা হয় ;

যেহেতু, ২(দুই) বিভাগীয় মামলা রুজু হওয়ার পরও আপনার আচরণের কোনরূপ পরিবর্তন ঘটেনি ;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর প্রবিধি ৩৯ (ক) ও (খ) মোতাবেক যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ' এর সংজ্ঞায়িত অপরাধ;

সেহেতু, আপনার বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর প্রবিধি ৩৯ (ক) ও (খ) মোতাবেক যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ' এর অভিযোগ আনয়ন করা হল।

বর্ণিত অভিযোগের দরুন কেন আপনাকে উক্ত প্রবিধানমালার ৪০(১)(খ)(ক) প্রবিধি মোতাবেক চাকুরি হতে 'বরখাস্ত' করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালার ৪৩(১)(ক) প্রবিধি মোতাবেক অভিযোগ বিবরণীর এক কপি এতসঙ্গে সংযুক্ত করা হল।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক-০১(এক) ফর্দ।

( মোঃ হাকিমুর রহমান )  
সদস্য (প্রশাসন)

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

প্রাপকঃ

জনাব মোঃ শাজাহান (টুটুল)  
অফিস সহায়ক, এয়ারওয়ার্ডিনেস এন্ড ইঞ্জিনিয়ারিং লাইসেনসিং  
সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ

পিতা- মৃত মনির উদ্দিন,  
গ্রাম-গোপালপুর, ডাকঘর-বানিয়াকান্দী,  
খানা-কুমারখালী, জেলা-কুষ্টিয়া।

অনুলিপিঃ

- ০১। সদস্য (এফএসআর), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

১৪/১১/১৯

অনুলিপি